



বাংলাদেশ বিজ্ঞান ও গবেষণা শিল্প পরিষদ এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মাঝে
গবেষণা সহযোগিতা সংক্রান্ত সমঝোতা স্মারক চুক্তি স্বাক্ষরিত



৯ সেপ্টেম্বর-২০২১, বৃহস্পতিবার, সকাল ১০টায় বাংলাদেশ বিজ্ঞান ও গবেষণা শিল্প পরিষদ (Bangladesh Council of Scientific and Industrial Research-BCSIR) এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয় এর মাঝে গবেষণা সহযোগিতার জন্য সমঝোতা স্মারক চুক্তি (Memorandum of Understanding -MoU) স্বাক্ষর অনুষ্ঠান ঢাকার BCSIR এর কার্যালয়ে (ড. কুদরাত-এ-খুদা রোড, ধানমন্ডি) অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ বিজ্ঞান ও গবেষণা শিল্প পরিষদ এর পক্ষে প্রতিষ্ঠানের চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ আফতাব আলী শেখ এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পক্ষে উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক চুক্তিতে স্বাক্ষর করেন। এছাড়াও BCSIR এর পক্ষে সচিব শাহ আবুল তারিক ও BCSIR Laboratories, ঢাকার এর পরিচালক ড. মো. সারওয়ার জাহান এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পক্ষে রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান ও পরিচালক (গবেষণা) অধ্যাপক ড. পরিমল বালা স্বাক্ষরী হিসেবে চুক্তিতে স্বাক্ষর করেন।

এসময় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, কলা অনুষদের ডিন অধ্যাপক ড. চঞ্চল কুমার বোস, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. রবীন্দ্রনাথ মন্ডল, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ নূরে আলম আব্দুল্লাহ সহ বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, শিক্ষক ও কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



এই চুক্তি আওতায় বাংলাদেশ বিজ্ঞান ও গবেষণা শিল্প পরিবষদ এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ভৌত ও রাসয়ন বিজ্ঞান, জীব বিজ্ঞান এবং ভূগোল ও পরিবেশ বিজ্ঞানের শিক্ষক ও গবেষক, শিক্ষার্থীরা- গবেষণা প্রকল্প বাস্তবায়ন; প্রযুক্তিগত ও বৈজ্ঞানিক তথ্যের আদান-প্রদান; জার্নালের আদান প্রদান; যৌথ উদ্যোগে বিভিন্ন বৈজ্ঞানিক ও প্রযুক্তিগত সেমিনার, সিম্পোজিয়াম ও কনফারেন্সের আয়োজন; উচ্চতর গবেষণার ক্ষেত্রে গবেষক ও শিক্ষার্থীদের পোস্ট গ্র্যাজুয়েট, এম.ফিল ও পিএইচডি ডিগ্রির যৌথ তত্ত্বাবধান; উভয় প্রতিষ্ঠানের রিসোর্স পার্সন, গবেষক ও শিক্ষার্থীদের সংশ্লিষ্ট অত্যাধুনিক গবেষণাগার ব্যবহার; BCSIR ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের গবেষকদের মাঝে নিয়মিত পরিদর্শন; যৌথ প্রকাশনা ও যৌথ প্রকল্পের মাধ্যমে অর্জিত ফলাফলের Patents প্রক্রিয়াকরণ এবং এছাড়া যৌথ উদ্দেশ্য অর্জনে যে কোন সহযোগিতা লাভ করবেন।